

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
গৌরনদী, বরিশাল।  
[www.food.gournadi.barisal.gov.bd](http://www.food.gournadi.barisal.gov.bd)

**শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির তৃতীয় কোয়ার্টারের সভার কার্যবিবরণী-**

আহ্বায়ক : অশোক কুমার চৌধুরী  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ;  
সভার তারিখ : ০৯/০১/২০২৪ ;  
সময় : সকাল ১১.০০ টা ;  
সভার স্থান : উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, গৌরনদী, বরিশাল;  
হাজিরা বিবরণী : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ;

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করণ, পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের উপর ন্যস্ত থাকবে তা নির্ধারণ, সংশ্লিষ্ট সেক্টরে শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহীত কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ কমিটির সভায় অনুমোদন ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	নৈতিকতা কমিটির সভা আহ্বান ও সিদ্ধান্ত বাস্তবায়ন	প্রতি কোয়ার্টারে আবশ্যিকভাবে নৈতিকতা কমিটির সভা আহ্বান ও সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।	নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে আয়োজনসহ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	কমিটির সদস্যবৃন্দ
০২	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন	২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণসহ ওয়েব পোর্টলে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন কমিটির সভায় অনুমোদন করা হয়, উক্ত প্রতিবেদন জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ এবং ওয়েবপোর্টলে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
০৩	দুর্নীতি ও ঘুষমুক্ত দপ্তর	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ও এলএসডিকে কিভাবে দুর্নীতি ও ঘুষ মুক্ত করা যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ও এলএসডিকে কিভাবে দুর্নীতি ও ঘুষ মুক্ত করার জন্য দপ্তরের সকলের মধ্যে ধর্মীয় অনুশাসন জাগিয়ে তুলতে হবে। 'ঘুষ দেয়া ও নেয়া সমান অপরাধ অথবা দুর্নীতি মুক্ত অফিস চাই' এরকম লিফলেট দপ্তরের বিভিন্ন স্থানে টানাতে হবে, যাতে সেবা গ্রহীতাদের কেউ ঘুষ দেয়ার ইচ্ছে পোষণ না করে বা দুর্নীতি না করে।	কমিটির সদস্যবৃন্দ

০৪	ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদ করণ সংক্রান্ত	শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।	নিয়মিতভাবে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
----	--	---	--	----------------------------



অশোক কুমার চৌধুরী  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

আস্থায়ক  
নৈতিকতা কমিটি  
গৌরনদী, বরিশাল।

স্মারক নং- ১৩.০১.০৬৩২.০০১.৭১.০০৩.২২.২৫

তাং ০৯/০১/২০২৪ খ্রি

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

- ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গৌরনদী এলএসডি, গৌরনদী, বরিশাল।
- ৩-৪। .....সদস্য, নৈতিকতা কমিটি।
- ৫। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
গৌরনদী, বরিশাল।